



# বাংলাদেশ ব্যাংক

হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১  
প্রধান কার্যালয়  
ঢাকা।

<https://erecruitment.bb.org.bd>

বিজ্ঞপ্তি নং: ৪০/২০২৩

তারিখ : ৩০ শ্রাবণ, ১৪৩০  
১৪ আগস্ট, ২০২৩

## বাংলাদেশ ব্যাংকে 'ক্যাশ অফিসার' পদে নিয়োগের উদ্দেশ্যে অনুষ্ঠিতব্য লিখিত পরীক্ষার আসন বিন্যাস সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ ব্যাংকে 'ক্যাশ অফিসার' পদে নিয়োগের লক্ষ্যে বিগত ২৯/০৯/২০২১ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি নং-৬৭/২০২১-এর সূত্রে ২১/০৭/২০২৩ তারিখে অনুষ্ঠিত প্রিলিমিনারি টেস্ট-এ উত্তীর্ণ প্রার্থীদের লিখিত পরীক্ষা আগামী ১৮/০৮/২০২৩ তারিখ শুক্রবার সকাল ১০:০০টা থেকে দুপুর ১২:০০টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। ২-৭ নং অনুচ্ছেদে বর্ণিত শর্তসমূহ অত্যাবশ্যকীয়ভাবে পরিপালনের জন্য পরীক্ষার্থীদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। পরীক্ষার কেন্দ্র এবং আসন বিন্যাস নিম্নরূপ:

ক্রম	কেন্দ্র	ঠিকানা	রোল নম্বর	প্রার্থী সংখ্যা
১	সরকারি মোহাম্মদপুর মডেল স্কুল এন্ড কলেজ	গজনবী রোড, কলেজ গেট, মোহাম্মদপুর, ঢাকা - ১২০৭।	৬০০০১৪ --- ৬৭২০৯২	১,৮০০ জন
২	মডেল একাডেমি	পাইকপাড়া সরকারি (ডি টাইপ) কলোনি, মিরপুর-১, ঢাকা।	৬৭২১৭৭ --- ৭২৯৩৯৫	১,৫০০ জন
৩	ঢাকা শিক্ষা বোর্ড ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ	মিরপুর-১, ঢাকা।	৭২৯৪২২ --- ৭৭৬৩২৬	১,২২৮ জন
সর্বমোট				৪,৫২৮ জন

- প্রবেশপত্র ব্যতিরেকে কোনো প্রার্থী পরীক্ষার কেন্দ্রে প্রবেশ করতে পারবেন না।
- পরীক্ষার কেন্দ্রে কোনো কাগজ, বই, মোবাইল ফোন, ক্যালকুলেটর, স্মার্টওয়াচ, সব ধরনের ইলেক্ট্রনিক ডিভাইস, ক্রেডিট ও ডেবিট কার্ড, ক্রেডিট ও ডেবিট কার্ড সদৃশ কোনো ডিভাইস, গহনা, ব্রেসলেট, মানিব্যাগ/ওয়ালেট ও ব্যাগ আনা সম্পূর্ণ নিষিদ্ধ।
- প্রয়োজনীয় চেকিং কার্যক্রম সম্পন্ন করার জন্য পরীক্ষা শুরুর কমপক্ষে ০১ ঘন্টা পূর্বে প্রার্থীদেরকে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। সকাল ১০:০০টায় পরীক্ষা কেন্দ্রের মূল ফটক বন্ধ হবে এবং এরপর কোনো অবস্থাতেই কোনো প্রার্থীকে কেন্দ্রে প্রবেশ করতে পারবেন না।
- প্রার্থীকে ০৬ ডিজিটের পূর্ণাঙ্গ রোল নম্বর যথাযথভাবে মিলিয়ে পরীক্ষার কক্ষে প্রবেশ করার পরামর্শ প্রদান করা হলো।
- পরীক্ষার সময় প্রার্থীরা কানের ওপর কোনো আবরণ রাখতে পারবেন না, উভয় কান দৃশ্যমান রাখতে হবে।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(মোঃ সিরাজুল ইসলাম)  
পরিচালক (এইচআরডি-১)